

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫২৭

আগরতলা, ৯ মার্চ, ২০১৯

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে চিত্র কর্মশালার উদ্বোধন

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রাজ্যভিত্তিক চিত্র কর্মশালা ও প্রদর্শনী আজ থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্রে শুরু হয়েছে। চলবে ১১ মার্চ পর্যন্ত। এই কর্মশালার আনুষ্ঠানিক সূচনা করেন বিশিষ্ট চিত্রশিল্পী চিন্ময় রায়। অনুষ্ঠানে বিশিষ্ট চিত্রশিল্পী অপরেশ পাল, সংঘমিত্রা নন্দী ও তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা আশুদেব দাস উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ রাজ্যে চিত্রশিল্প বিকাশে এই ধরনের কর্মশালা ও প্রদর্শনী আয়োজনের প্রয়োজনীয়তা উল্লেখ করে আলোচনা করেন। এই কর্মশালাতে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত চিত্রশিল্পীগণ অংশ গ্রহণ করেন। কর্মশালার শেষে আগামী ১২ থেকে ১৪ মার্চ পর্যন্ত রবীন্দ্র শতবার্ষিকী ভবনে চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হবে। রবীন্দ্র শতবার্ষিকী ভবনের প্রদর্শনীটি প্রতিদিন বিকাল ৩ টা থেকে রাত ৮ টা পর্যন্ত চলবে।
